# পবিস এর র্কমসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of BHOLA PBS)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) ঃ**

ভোলা জেলার ভোলা সদর,দৌলতখান, বোরহান উদ্দিন, তজুমুদ্দিবদন, লালমোহন, চরফ্যাশন উপজেলা এবং বরিশাল জেলার মেহেন্দিগঞ্জের (আংশিক) সমন্বয়ে ৩৪০৪ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে নবগঠিত ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি-গঠিত । বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ভোলা পবিস- নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ভোলা পবিস- এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) নিম্নরূপঃ

| অর্থবছর | গ্রাহক | নির্মিত লাইন | বকেয়া | সিষ্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | ৩৪৭৫২ | ৬৬৬ | ২.০৩ | ২০.০৬% |
| ২০১৬-১৭ | ৩৫৬৭০ | ৮০৮ | ২.০৯ | ১৬.২০% |
| ২০১৭-১৮( এপ্রিল-১৮ পর্যন্ত) | ৪২২১০ | ৮২৭ | ১.৪৭ | ১৪.৯৯% |

গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে মার্চ ২০১৮ খ্রিঃ পর্যন্ত ৪৪৯৮ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। মার্চ'২০১৮ খ্রিঃ পর্যন্ত ১,৯৬,৮০৭ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে । অত্র পবিসের ০৬ টি উপকেন্দ্র (বাংলাবাজার ২০ এমভিএ, পরানগঞ্জ ১০ এমভিএ, ছাগলা (বোরহান উদ্দিন)-৫ এমভিএ, লালমোহন ১০ এমভিএ, চরফ্যাশন ১০ এমভিএ এবং শশিভূষণ ৫ এমভিএ এর মাধ্যমে গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে । বরিশাল বিভাগীয় প্রকল্প-২ এর আওতায় সদর দপ্তর এর বাংলাবাজার ১০ এমভিএ উপকেন্দ্রটি ২০ এমভিএ উপকেন্দ্রে উন্নীত করা হয়েছে। আপগ্রেডেশন প্রকল্প REUP-1(JICA) এর আওতায় ৮৫ কিঃ মিঃ লাইন ও পরানগঞ্জ ভোলায় ১টি ০৫ এমভিএ উপকেন্দ্র নির্মাণ কাজ সম্পন্ন করা হয় যাহা ইতিমধ্যে ১০ এমভিএ উন্নীত করা হয়েছে। উক্ত প্রকল্প বাস্তাবায়নের ফলে ১১ কেভি লাইনের দৈর্ঘ্য ও সিস্টেম লস হ্রাস পেয়েছে এবং সদর দপ্তর উপকেন্দ্রের ওভার লোডড সমস্যার সমাধান হয়েছে। বরিশাল বিভাগীয় প্রকল্প-১ এর আওতায় প্রায় ৩৭২ কিঃ মিঃ লাইন এবং বোরহানউদ্দিন (ছাগলা) ০১টি উপকেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্প বাস্তবায়নের ফলে প্রায় ১৬,৫০০ জন গ্রাহককের সংযোগ সুবিধা সৃষ্টি হয়েছে। ১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রকল্পের আওতায় প্রায় ৮১৫ কিঃ মিঃ লাইন নির্মানের কাজ সম্পন্ন হয়েছে। ফলে ৩৯,৫০০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি হয়েছে। ডিপোজিট ওয়ার্ক প্রকল্পের আওতায় ২০১৪-২০১৫ অর্থবছরে ১০.১১ কিঃমিঃ, ২০১৫-১৬ অর্থবছরে ৩.৫৪ কিঃমিঃ এবং ২০১৬-১৭ অর্থবছরে ১৫.৭৫ কিঃমিঃ সর্বমোট ২৯.৪০ কিঃ মিঃ লাইন নির্মাণ সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ লাইনের সক্ষমতা বৃদ্ধি ও লোড বহন ক্ষমতা বৃদ্ধির জন্য ভোলা হতে বোরহানউদ্দিন পর্যন্ত২৮ কিঃ মিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মান কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া REUP-1(JICA) এর আওতায় বোরহানউদ্দিন থেকে লালমোহন পর্যন্ত১৪ কিঃ মিঃ এবং লালহোমন হতে চরফ্যাশন পর্যন্ত ২২ কিঃ মিঃ ৩৩ কেভি লাইনের আপগ্রেডেশন কাজ সম্পন্ন করা হয়েছে। বোরহানউদ্দিন ২২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে বিদ্যুৎ গ্রহণের জন্য ১,২১,৫৫,৭৩৩ টাকা ব্যয়ে বে-ব্রেকার স্থাপন করা হয়েছে। ফলে লোডেশেডিং জনিত সমস্যার সমাধান হয়েছে। বরিশাল জেলায় মেহিন্দিগঞ্জ (আংশিক) এ বিদ্যুৎ সরবরাহ করার জন্য ১,৪৫,৫০,৩১৪ টাকায় ওজোপাডিকো হতে ৯.৮৭৪ কিঃ মিঃ লাইন অধিগ্রহন করা হয়েছে। ৮ টি ১১কেভি নতুন ফিডার সংযোজন ও ৩৩ কেভি ফিডারের লোড বিভাজনপূর্বক উপকেন্দ্রসমূহ ওভারলোড মুক্ত করা হয়েছে। ফলে অত্র পবিসে সিষ্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সম্ভবনা রয়েছে। মার্চ'২০১৮ খ্রিঃ পর্যন্ত বকেয়া মাস ১.৪৭ অর্জন করা হয়েছে। ডিসেম্বর/১৭ এর মধ্যে দৌলতখান উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে।

C:\Users\Flora\Desktop\APA 2018-19\24.05.18 APA-2018-2019 BHOLA PBS SOFT COPY.doc

১২.০৬.২০১৮
মোঃ কেফায়েত উল্লাহ
জেনারেল ম্যানেজার
ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

২২।১।১৮
(গনপতি বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
বরিশাল জোন, বাপবিবো, বরিশাল

